

💵 আতৃ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৫১

২. সুনাহ (كتاب السنة)

পরিচ্ছেদঃ ২) সুন্নাত পরিত্যাগ এবং প্রবৃত্তির অনুসরণ ও বিদআত চর্চার প্রতি ভীতি প্রদর্শন

الترهيب من ترك السنة وارتكاب البدع والأهواء

আরবী

(حسن صحيح) عَنْ مُعَاوِيَةَ بْنِ أَبِي سُفْيَانَ أَنَّهُ قَامَ فِينَا فَقَالَ أَلَا أَنَّ رَسُوْلَ اللهِ صلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ قَامَ فِينَا فَقَالَ أَلَا إِنَّ مَنْ قَبْلَكُمْ مِنْ أَهْلِ الْكِتَابِ افْتَرَقُوا عَلَى تِنْتَيْنِ وَسَبْعِينَ مِلَّةً وَإِنَّ هَذِهِ الْمِلَّةَ سَتَفْتَرِقُ عَلَى ثَلَاثٍ وَسَبْعِينَ تِنْتَانِ وَسَبْعُونَ فِي النَّارِ وَسَبْعُونَ فِي النَّارِ وَوَاحِدَةٌ فِي الْجَنَّةِ وَهِيَ الْجَمَاعَةُ.

رواه أحمد وأبو داود وزاد في رواية

وَإِنَّهُ لَيَخْرُجُ مِنْ أُمَّتِي أَقْوَامٌ تَتَجَارَى بِهِمْ الْأَهْوَاءُ كَمَا يَتَجَارَى الْكَلَبُ بِصَاحِبِهِ لَا يَبْقَى مِنْهُ عِرْقٌ وَلَا مَفْصِلٌ إِلَّا دَخَلَهُ *

বাংলা

৫১. (হাসান সহীহ্) মুআবিয়া (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ একদা রাসূলুল্লাহ (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লাম) আমাদের মাঝে দন্ডায়মান হলেন, অতঃপর বললেনঃ

"জেনে রেখো! তোমাদের পূর্ব যুগের আহলে কিতাবগণ বাহাত্তর দলে বিভক্ত হয়েছিল। নিঃসন্দেহে এই উম্মত অচিরেই তেহাত্তর দলে বিভক্ত হবে। তনমধ্যে বাহাত্তর দলই জাহান্নামে যাবে, আর একটি মাত্র দল যাবে জান্নাতে, সে দলটি হল জামাআত।[1]

(হাদীছটি বর্ণনা করেছেন আহমাদ ও আবু দাউদ)

অন্য বর্ণনায় আবু দাউদ বৃদ্ধি করেছেনঃ

"এবং অচিরেই আমার উম্মতের মধ্যে কতিপয় দল বের হবে। কুকুরের দংশনে কালাব নামক[2] একধরণের রোগের জীবানু যেমন রোগীর সমস্ত শরীর প্রবাহিত হয় তেমনি প্রবৃত্তি তাদের মধ্যে প্রবাহিত হবে। তার কোন শিরা-উপশিরা বা কোন জোড়া অবশিষ্ট থাকবে না।



ফুটনোট

- [1] . শায়খ আলবানী (রহ.) বলেন: অর্থাৎ সাহাবীদের জামাআত যেমনটি কতিপয় বর্ণনায় পাওয়া যায়। অপর বর্ণনায় সে দলটির পরিচয় বলা হয়েছে, আমি এবং আমার সাহাবীগণ যে মতাদর্শের উপর প্রতিষ্ঠিত আছি তার অনুসরণকারীগণ উক্ত দলের অন্তর্ভূক্ত। (তিরমিযী) জানা আবশ্যক যে, সাহাবায়ে কেরাম যে নীতির উপর প্রতিষ্ঠিত ছিলেন, তাঁদের সেই নীতিকে আঁকড়ে ধরাই হচ্ছে একক নিরাপত্তা, ডানে-বামে বিভ্রান্তির পথ থেকে বাঁচার ক্ষেত্রে। বর্তমানে বিভ্রান্ত ফির্কা সমূহ তো অবশ্যই- অনেক ইসলামী দলও এই নীতি থেকে উদাসীন অবস্থায় আছে।
- [2] . রোগটিকে ইংরেজীতে বলা হয় (Hydrophobia)। ইমাম খাত্তাবী বলেন, কালাব হচ্ছে মানুষকে পাগলা কুকুরের দংশনের ফলে সৃষ্ট এক প্রকার রোগের নাম। যার লক্ষণ হচ্ছে, কুকুরের চোখ লাল হয়ে থাকবে, দু'পায়ের মধ্যে লেজ ঢুকিয়ে রাখবে। অতঃপর কোন মানুষ দেখলেই তাকে দংশন করার জন্য তার উপর ঝাঁপিয়ে পড়বে।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ মু'আবিয়াহ ইবন আবূ সুফিয়ান (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন